তারিখ 07 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ... ২

কালের কণ্ঠ



'জঙ্গিবাদ নিপাত যাক। মানবতা মুক্তি পাক, জঙ্গিবাদ ধর্মের শত্রু, জঙ্গিবাদ মানবতার শত্রু'—এই স্লোগানে গতকাল রাজশাহী হাদির মোড় এলাকায় নাটোর-রাজশাহী মহাসড়কের দুই পাশে খাদেমুল ইসলাম বালিকা বিদ্যালয় ও কলেজের শিক্ষক-শিক্ষার্থীরা মানববন্ধন করে। ছবি : কালের কণ্ঠ

## দেশজুড়ে সমাবেশ মানববন্ধন

# হটাও জঙ্গিবাদ

প্রিয় দেশ ডেস্ক ▷

দেশে জঙ্গিবাদ, সন্ত্রাস ও গুপ্তহত্যার বিরুদ্ধে গতকাল শনিবারও সমাবেশ, মানববন্ধন, সচেতনতামূলক সভা, মিছিলসহ বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে। বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠান এসব কর্মসূচির আয়োজন করে। কালের কণ্ঠ'র আঞ্চলিক অফিস, নিজস্ব প্রতিবেদক ও প্রতিনিধিদের পাঠানো খবর :

**শেরপুর** : শেরপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের আয়োজনে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে সচেতনতামূলক কার্যক্রম শুরু হয়েছে। শুক্র ও শনিবার শ্রীবরদী উপজেলার ভটপুর ইসলামিয়া মাদ্রাসা, এইচইউ উচ্চ বিদ্যালয়ে শিক্ষক-ছাত্র সমাবেশসহ ঝগড়ার চর এলাকার ৯টি শিক্ষাপ্রতিষ্ঠানে সচেতনতামূলক সভা হয়।

**নাটোর** : বাংলাদেশের ওয়াকার্স পার্টির সাধারণ সম্পাদক ফজলে হোসেন বাদশা এমপি বলেছেন, ইসলাম মানুষ হত্যা সমর্থন করে না। রাজনৈতিকভাবে জঙ্গিবাদকে প্রশ্রয় দেওয়া হচ্ছে। সকালে নাটোর প্রে সক্লাবের সামনে পার্টির আয়োজনে সন্ত্রাস ও জঙ্গিবিরোধী সমাবেশে তিনি এসব কথা বলেন। আরো বক্তব্য দেন পার্টির জেলা সভাপতি ইব্রাহীম খলিল, লোকমান হোসেন বাদল, মতিউর রহমান, মিজানুর রহমান, মাহবুবুর আলম মাহবুব প্রমুখ।

**নীলফামারী** : নীলফামারী সদর ও জলঢাকায় মিছিল, সমাবেশ ও মানববন্ধন করা হয়েছে। জলঢাকার খুটামারা ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে টেঙ্গনমারী ডিগ্রি কলেজ মাঠে সমাবেশে বক্তব্য দেন সংসদ সদস্য গোলাম মোস্তফা, আবু সাঈদ শামীম, মো. মোস্তাফিজুর রহমান, দেলোয়ার হোসেন, এ কে আজাদ, আব্দুল মান্নান, জসির উদ্দিন, মো. মাহবুবুজ্জামান প্রমুখ। এর আগে মানববন্ধন করে শিক্ষার্থীরা। এ ছাড়া জেলা শহরে মিছিল করে ওয়ার্কার্স পার্টি। পার্টির জেলা সভাপতি তপন কুমার রায়, কেন্দ্রীয় সদস্য নূর মোহাম্মদ খান, বাবুল আকতার, মাহবুব আলম প্রমুখ বক্তব্য দেন।

**ব্রাহ্মণবাড়িয়া** : ব্রাহ্মণবাড়িয়া মেডিক্যাল কলেজের ছাত্রী জুমান্না বেগম লিখেছেন, 'জঙ্গিবাদ যা আমাদেরকে পৃথিবীর কাছে অপমানিত করার চেষ্টা মাত্র।' পদ্মজিৎ চক্রবর্তী লিখেছেন, 'জঙ্গিবাদ দমনে প্রথমেই সুষ্ঠু ধর্মীয় চর্চার ব্যবস্থা করতে হবে।' খেলাঘর আসর ব্রাহ্মণবাড়িয়ার উদ্যোগে মুক্তিযুদ্ধবিষয়ক সাধারণ জ্ঞান প্রতিযোগিতায় জঙ্গিবাদ সম্পর্কে মতামতের জায়গায় তাঁরা এসব কথা লেখেন। শনিবার ব্রাহ্মণবাড়িয়া মেডিক্যাল কলেজ থেকে এ প্রতিযোগিতা শুরু হয়। জেলার ১৫টি স্কুল-কলেজে আগস্ট মাসজুড়ে এ প্রতিযোগিতা হবে। অনুষ্ঠানে বক্তব্য দেন ও উপস্থিত ছিলেন খেলাঘর আসরের জেলা সভাপতি মো. আবু সাঈদ, পুলিশ সুপার মো. মিজানুর রহমান, মেয়র নায়ার কবির, আল-মামুন সরকার, ব্রিগেডিয়ার জেনারেল (অব.) অধ্যাপক মো. শফিকুল ইসলাম, শাহরিয়ার আল মামুন, মো. আব্দুল করিম, নীহার রঞ্জন সরকার, সঞ্জীব কুমার ভট্টাচার্য, বিশ্বজিৎ পাল বাবু, জুয়েলুর রহমান প্রমুখ।

**মেহেরপুর** : পৃথক মানববন্ধন ও সমাবেশ করেছে জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ, দারুল উলুম আহমদিয়া ফাজিল মাদ্রাসা ও গাংনীর পাইলট মাধ্যমিক বিদ্যালয়। অংশ নেন জেলা প্রশাসক পরিমল সিংহ, অধ্যক্ষ মজিবর রহমান, এম এ খালেক ও সুভাষ চন্দ্র গোলদার।

**রংপুর** : জঙ্গিবাদ, সন্ত্রাস ও নাশকতার বিরুদ্ধে পাড়া-মহল্লায় গণজাগরণের মাধ্যমে প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানিয়েছেন পুলিশের রংপুর রেঞ্জের ডিআইজি খন্দকার গোলাম ফারুক। পীরগাছায় থানা পুলিশ আয়োজিত জঙ্গিবিরোধী আলোচনা সভায় তিনি এ আহ্বান জানান। আরো বক্তব্য দেন পুলিশ সুপার মিজানুর রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এ কে এম মারুফ হাসান, ইউএনও আলিয়া ফেরদৌস জাহান, উপজেলা চেয়ারম্যান আফসার আলী, অধ্যক্ষ নজরুল ইসলাম হক্কানী, আওয়ামী লীগ নেতা আব্দুল হাকিম সর্দার, থানার ওসি আমিনুল ইসলাম প্রমুখ। সভায় ইমাম, পুরোহিত, শিক্ষক-শিক্ষার্থী, জনপ্রতিনিধি ও অভিভাবকরা অংশ নেন।

**মুন্সীগঞ্জ** : সকালে টঙ্গিবাড়ী উপজেলার বালিগাঁও বাজারের কেন্দ্রীয় জামে মসজিদের সামনে মানববন্ধন করেন জেলার বিভিন্ন স্থান থেকে আসা সহস্রাধিক মসজিদের ইমাম, ওলামা ও মুসল্লিরা। তাঁরা হাতে হাত রেখে এ কর্মসূচি পালন করেন। বালিগাঁও কেন্দ্রীয় জামে মসজিদের খতিব ও ইসলামী আলোচক মাওলানা শাহ মো. ওয়ালীউল্লাহ নেছারীর সভাপতিত্বে আরো বক্তব্য দেন টঙ্গিবাড়ী উপজেলা চেয়ারম্যান কাজি ওয়াহিদ, বালিগাঁও কেন্দ্রীয় জামে মসজিদের সভাপতি মোফাজ্জল হোসেন ও বালিগাঁও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোহাম্মদ দুলাল।

**মৌলভীবাজার** : মৌলভীবাজার টাউন কামিল মাদ্রাসা মাঠে ওই মাদ্রাসা আয়োজিত সমাবেশে বক্তব্য দেন সংসদ সদস্য সৈয়দা সায়রা মহসীন, অধ্যক্ষ আবদুল কাইয়ুম সিদ্দিকী, জেলা পরিষদ প্রশাসক মো. আজিজুর রহমান, মো. ফজলুর রহমান, মো. ফারুক আহমদ, খায়রুল আলম, মো. ফিরোজ প্রমুখ। সমাবেশে মাদ্রাসার ছাত্র-শিক্ষক, অভিভাবক ও স্থানীয় জনসাধারণ উপস্থিত ছিল।